সমকাল

তারিখ . . 31. AUG. 2015. . . .
পৃষ্ঠা . . . 2 . . . কলাম . . . ৪ . . . .

# প্রাথমিকের প্রধান শিক্ষকদের মর্যাদা পুনর্বহালের দাবি

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড মর্যাদা কেড়ে নেওয়ায় তীব্র নিন্দা ও শিগগির পুনর্বহালের দাবি জানিয়েছে প্রাথমিক শিক্ষক অধিকার সুরক্ষা ফোরাম। রোববার রাজধানীর হুসেইন মুহম্মদ এরশাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলরুমে ফোরামের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির এক জরুরি সভায় এই দাবি জানানো হয়। সংগঠনের আহ্বায়ক মো. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে সভায় সারাদেশ থেকে আসা শিক্ষক নেতারা এতে অংশ নেন। নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত এবং সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়ের সম্মতিতে প্রজ্ঞাপন জারির পর দেড় বছরের মাথায় প্রধান শিক্ষকদের মর্যাদা কেড়ে নেওয়া অসম্মানজনক। সংবাদ বিজ্ঞপ্তি।